

গ্রাহকের ধরণঃ সরকারী ও কর্পোরেট প্রতিষ্ঠান (সরকারী, আধাসরকারী, স্বায়ত্তশাসিত ও বিধিবদ্ধ প্রতিষ্ঠান, আন্তর্জাতিক সংস্থা, কর্পোরেট অফিস, ব্যক্তি মালিকানাধীন অফিস, ব্যাংক-বীমা, লিমিটেড কোম্পানি ইত্যাদি)।

সার্ভিসের নাম: Leased Line Internet (LLI)

- ১.১ সংযোগ ফি প্রতি সংযোগের জন্য ৫,০০০/- টাকা।
- ১.২ Downgrade/Permanent close charge: প্রযোজ্য নহে (Downgrade/Permanent close কৃত ব্যান্ডউইড্থ এর পরিমাণ ১০০০ Mbps কম হলে এক মাস পূর্বে এবং ১০০০ Mbps এর বেশী হলে ২ মাস পূর্বে লিখিত জানাতে হবে অন্যথায় পূর্ণ বিল প্রদান করবে) তবে বিটিসিএল এর নেটওয়ার্ক সমস্যার কারণে গ্রাহক Downgrade করলে কোন চার্জ প্রযোজ্য হবেনা এবং যেকোন সময়ই কার্যকর হবে।
- ১.৩ Upgradation charge: প্রযোজ্য নহে (ব্যান্ডউইড্থ খালি থাকা সাপেক্ষে)।
- ১.৪ শিফটিং চার্জঃ
 - ক) ২,০০০/- টাকা প্রতি সংযোগ(লোকাল লুপ শিফটিং অন্তর্ভুক্ত নহে)।
 - খ) ১০০০/- (ব্যান্ডউইড্থ) প্রতি ঘটনায়।
 - গ) ৫০০০/- (লোকাল লুপ শিফটিং ঠিকানা সহ)।
- ১.৫ মালিকানা/ঠিকানা পরিবর্তনের ক্ষেত্রে ফি প্রযোজ্য নহে।
- ১.৬ গ্রাহক প্রান্তের যন্ত্রপাতি (মিডিয়া কনভার্টার, এসএফপি মডিউল, প্যাচকর্ড, রাউটার/সুইচ, LAN ক্যাবল ইত্যাদি) গ্রাহক নিজে সরবরাহ করবেন। লোকাল লুপ বা লাষ্ট মাইল সলুশন (বিটিসিএল PoP হতে গ্রাহক প্রান্ত পর্যন্ত অপটিক্যাল ফাইবার ক্যাবল) গ্রাহক নিজেও সরবরাহ করতে পারেন বা নির্ধারিত ভাড়া প্রদান সাপেক্ষে বিটিসিএল এর ফাইবার ব্যবহার করতে পারবেন।
- ১.৭ স্বল্পকালীন সংযোগের ক্ষেত্রে নূন্যতম ১ মাসের বিল প্রদান করতে হবে। তবে চলমান গ্রাহকের ক্ষেত্রে নূন্যতম ১৫ দিন অথবা সংযোগকালীন সময়ের বিল প্রদান করতে হবে।
- ১.৮ নূন্যতম পাঁচ বছর মেয়াদী ব্যবহারের চুক্তিবদ্ধ গ্রাহকগণ, বিশেষ হারে চার্জ প্রদানের সুবিধা পাবেন। এরূপ সুবিধা ভোগকারী কোন গ্রাহক যদি মেয়াদ শেষ হওয়ার পূর্বেই সংযোগ বিচ্ছিন্ন করতে আগ্রহ প্রকাশ করেন, তবে চুক্তিবদ্ধের তারিখ হতে স্বাভাবিক হারের চার্জ হিসেব করে বকেয়া পরিশোধ করবেন।
- ১.৯ একই নামে একাধিক সংযোগ থাকলে সকল সংযোগের ব্যান্ডউইড্থ সমন্বয়ে একক ব্যান্ডউইড্থ হিসেবে গণ্য করে বিল জারী হবে।

এই ক্যাটাগরীর গ্রাহকগণের জন্য নিম্নরূপ মাসিক চার্জ নির্ধারিত হবেঃ

ক্রঃ নং	ব্যান্ডউইড্থ Mbps	Mbps প্রতি চার্জ (টাকা)	নূন্যতম ৫ বছর মেয়াদী চুক্তিতে Mbps প্রতি চার্জ (টাকা)
১	৫-৪৯	৩৯৫	৩৫৫
২	৫০-৯৯	৩৭০	৩৩৫
৩	১০০-২৯৯	৩৪৫	৩১০
৪	৩০০-৪৯৯	৩১৫	২৮৫
৫	৫০০-৯৯৯	২৯০	২৬০
৬	১০০০-২৯৯৯	২৬৫	২৪০
৭	৩০০০ বা এর অধিক	২৫০	২২৫

ইউনিয়নের গ্রাহকগণ উপরের টেবিলের চার্জ হতে অতিরিক্ত ১০% ডিসকাউন্ট পাবেন।

১.১০ এছাড়াও নিম্নবর্ণিত ক্ষেত্রে বিশেষ হ্রাসকৃত হারে ইন্টারনেট ব্যান্ডউইড্থ সরবরাহ করা হবেঃ

- ক) বঙ্গভবন, গণভবন ও প্রধানমন্ত্রীর কার্যালয়ে সংযোগের ক্ষেত্রে ক্রমিক নং ১ এর উপর ৫০% ডিসকাউন্ট প্রযোজ্য হবে।
- খ) ডাক, টেলিযোগাযোগ ও তথ্য প্রযুক্তি মন্ত্রণালয়ে সংযোগের ক্ষেত্রে ক্রমিক নং ১ এর উপর ৫০% ডিসকাউন্ট প্রযোজ্য হবে।

২. বিটিসিএল-এর অপটিক্যাল লোকাল লুপ (OFC Local Loop) এর ভাড়াঃ

এককালীন সংযোগ মূল্য - সংযোগ প্রতি ৫,০০০/- টাকা এবং প্রতি কোর ফাইবারের মাসিক ভাড়া প্রথম ৫০০ মিটার পর্যন্ত সর্বনিম্ন ১,০০০/ টাকা এবং পরবর্তি প্রতি কোর প্রতি মিটার ১.৫০ টাকা হবে। পার্বত্য তিন জেলার জন্য পরবর্তি প্রতি কোর প্রতি মিটার ১.৯৫ টাকা হবে। তবে শিক্ষা প্রতিষ্ঠান ও সরকারী প্রতিষ্ঠান ক্যাটাগরির গ্রাহকগণ যদি অধিক দূরত্বের অপটিক্যাল লোকাল লুপ হিসেবে ব্যবহার করেন তাহাদের প্রতি কোর ফাইবারের মাসিক ভাড়া সর্বোচ্চ ১৫০০০/- টাকা প্রদান করবেন।

তবে যে সকল গ্রাহক একক সংযোগে ১০০ Mbps এর বেশি ব্যান্ডউইড্থ ব্যবহার করবেন, তাদের উক্ত সংযোগের জন্য লোকাল লুপের ভাড়া প্রযোজ্য হবে না।

** যদি লোকাল লুপ Outsource Partner এর মাধ্যমে প্রদান করা হয়, সেক্ষেত্রে Outsource Partner এর প্রাপ্য অর্থ বিটিসিএল প্রদান করবে।

সকল সংযোগের ক্ষেত্রে বিধি মোতাবেক ভ্যাট বা অন্যান্য চার্জ প্রযোজ্য হবে